

## সরকারী চাকরিতে যোগ দিলেন ১০১০ কওমি আলেম

প্রকাশিত: ০৬ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || প্রথমবারের মতো এক হাজার ১০জন কওমি আলেম সরকারী চাকরিতে যোগ দিয়েছেন। ইসলামিক ফাউন্ডেশনের অধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় পরিচালিত এক হাজার ১০টি দারুণ আরকাম মাদ্রাসায় শিক্ষকতা করবেন তারা।

ইসলামিক ফাউন্ডেশনের অধীনে সারা দেশে এবারই আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয় বলে সোমবার ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়েছে। এ ছাড়া আরকাম মাদ্রাসায় আরও এক হাজার ১০ জন আলিয়ার আলেম নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে জানিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ইতোমধ্যে তাদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে, শীঘ্রই চূড়ান্ত ফল ঘোষণা করা হবে। কওমি আলেমদের হাতে সরকারী চাকরির নিয়োগপত্র তুলে দেয়ার পর সোমবার বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের মিলনায়তনে তাদের জন্য তিনি দিনের ওরিয়েন্টেশন কর্মশালা শুরু হয়েছে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি সনদের স্বীকৃতি দেয়ার মাধ্যমে আলেমদের দীর্ঘ দিনের দাবি পূরণ করেছেন। এক হাজার ১০জন কওমি আলেমকে ইসলামিক ফাউন্ডেশনের চাকরি প্রদানের ঘটনা ঐতিহাসিক। সরকার আলেমদের জন্য দাওয়াতভিত্তিক কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, দারুণ আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় কওমি, আলিয়া ও সাধারণ শিক্ষা ক্যাটাগরিতে মোট তিন হাজার ৩০জনকে শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হবে। আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক শেখ মোহাম্মদ আবদুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গবর্ন্যার্সের গবর্নর মিছবাহুর রহমান চৌধুরী ও সিরাজ উদ্দিন আহমেদ এবং মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের পরিচালক জুবায়ের আহমদ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

এর আগে ২০১৭ সালের ১১ এপ্রিল কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রীর স্বীকৃতি দেয়ার ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ব্যাপক সমালোচনার মধ্যেই এর দুই দিন পর কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রীর স্বীকৃতি দিয়ে আদেশ জারি করে সরকার। জানা গেছে, ইসলামিক ফাউন্ডেশনের (ইফা) কর্মচারী (অবসর ভাতা ও সাধারণ ভবিষ্যত তহবিল) প্রবিধানমালা-২০১৮ এর আওতায় ইফার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য মাসিক ও পারিবারিক অবসর ভাতা চালু হয়েছে।

এ দিকে সোমবার দুপুরে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররমের সভাকক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের হাতে অবসর ভাতা ও পেনশন বই তুলে দিয়ে এই কার্যক্রমের উদ্বোধন করেন। প্রাথমিকভাবে ৭৬জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে সোয়া দুই কোটি টাকার চেক বিতরণ করা হয়।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজালের সভাপতিত্বে এই অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গবর্ন্যার্স সিরাজউদ্দিন আহমদ, ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান মিজবাহুর রহমান চৌধুরী, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম অনুষ্ঠানে প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গেল বছরের ১৩ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা গেজেটে বলা হয়েছিল, কওমি মাদ্রাসার বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুণ উলুম দেওবন্দের মূলনীতিসমূহকে ভিত্তি ধরে কওমি মাদ্রাসার দাওয়ায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবি) এর সমমান প্রদান করা হলো। হেফাজতের আমীর ও বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের সভাপতি আহমদ শফীর নেতৃত্বে কমিটি গঠন করে দিয়ে আদেশে বলা হয়েছিল, এ কমিটি সনদ বিষয়ক যাবতীয় কার্যক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী বলে বিচেচিত হবে।

এ কমিটি দ্বারা নিবন্ধিত মাদ্রাসাগুলো দাওয়ায়ে হাদিসের সনদ মাস্টার্সের সমান বিবেচিত হবে। এই কমিটির অধীনে ও তত্ত্বাবধানে দাওয়ায়ে হাদিসের পরীক্ষা হবে বলে সরকারী আদেশে বলা হয়েছে। তবে কমিটি দাওয়ায়ে হাদিসের সিলেবাস প্রণয়ন, পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার সময় নির্ধারণ, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল ও সনদ তৈরিসহ অনুষঙ্গিক কার্যক্রম পরিচালনার জন্য এক বা একাধিক উপকমিটি গঠন করতে পারবে। এই কমিটিকে শিক্ষা মন্ত্রণালয়কে উল্লেখিত বিষয়ে অবহিত করার নির্দেশনা দিয়ে আদেশে বলা হয়েছে, এ কমিটি দলীয় রাজনীতির উর্ধে থাকবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৭৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৭১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

